দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 07 APR 2016 ...
পৃঃ 78 ... কলাম 8 ...

# ইস্ট ওয়েস্ট ভার্সিটিতে সেমিনার

রবিবার বিকেলে রাজধানীর আফতাবনগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ আয়োজিত সেমিনারে আব্দুল বাসেত মজুমদার প্রধান অতিথির বক্তব্যে শিক্ষার্থীদের উদ্দেশে বিভিন্ন ধরনের পরামর্শ ও উপদেশ তুলে ধরেন। সেমিনারে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ও আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউটর ব্যারিস্টার তুরিন, আফরোজ বাংলাদেশ বার কাউন্সিল এবং ইস্ট ওয়েস্ট বিশ্বদ্যিালয়ের আইন বিভাগ যৌথভাবে আইন বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচী ও আইন বিষয়ক প্রকাশনার প্রস্তাব দিলে আব্দুল বাসেত মজুমদার তাতে সম্মতি জানান। এছাড়া বাংলাদেশ বার কাউন্সিলসহ আইন পেশার বিভিন্ন বিষয় নিয়ে শিক্ষার্থীদের প্রশ্নেরও উত্তর দেন তিনি। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের লিবারেল আর্টস ও সোস্যাল সাইন্স অনুষদের ডিন ড. লুৎফুন নাহারের সভাপতিত্বে সেমিনারে আরও বক্তব্য রাখেন আইন বিভাগের চেয়ারপার্সন ড. মাহফুজ। -বিজ্ঞপ্তি